

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৮২১

(كتاب الأدب عن رسول الله ﷺ) নারাছিন /১৪

পরিচ্ছেদঃ ৫৬. পাকা চুল উপড়িয়ে ফেলা নিষেধ

## আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ الْهَمْدَانِيُّ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهى عَنْ نَتْفِ الشَّيْبِ وَقَالَ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهى عَنْ نَتْفِ الشَّيْبِ وَقَالَ الْإِنَّهُ نُورُ الْمُسْلِمِ ". قَالَ هَذَا حَدِيثٌ حَسَنُ قَدْ رُويَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ وَغَيْرِ وَاحْدِ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ.

## বাংলা

২৮২১। আমর ইবনু শু'আইব (রাহঃ) হতে পর্যায়ক্রমে তার বাবা ও তার দাদার সূত্রে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাকা চুল উপড়িয়ে ফেলতে নিষেধ করেছেন। তিনি আরো বলেনঃ এটা মুসলিমের নুর।

সহীহঃ মিশকাত (৪৪৫৮), সহীহাহ (১২৪৩)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান। এ হাদীস আমর ইবনু শু'আইব-তার বাবা হতে-তার দাদার সূত্রে আবদুর রাহমান ইবনুল হারিস এবং আরো অনেকে বর্ণনা করেছেন।

## **English**

Narrated 'Amr bin Shu'aib:

from his father, from his grandfather: "The Prophet (ﷺ) prohibited plucking gray hair. And he said: "It is the Muslim's light.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন